# CHARTER FOR CHANGE

COAST Trust

# সংক্ষিপ্ত পরিচিতি

- বিশ্বের ৪৩ টি দেশের প্রায় ১৫০টি জাতীয় এবং আর্ন্তজাতিক এনজিও “চার্টার ফর চেঞ্জ” কে স্বীকৃতি দিয়েছে এবং এর ৮টি প্রতিশ্রুতিতে স্বাক্ষর করার জন্য তাদের সহযোগী সংস্থা বা পার্টনারসহ সকলের প্রতি আহবান রেখেছে।

# প্রতিশ্রুতিসমূহ

১. মানবিক কর্মকাণ্ডে জড়িত উন্নয়নশীল দেশগুলোর এনজিওগুলোর প্রতি সরাসরি অর্থ বরাদ্ধ বৃদ্ধি করা

- মানবিক সহায়তার মোট বরাদ্দের মাত্র ০.২% দক্ষিণের দেশীয় এনজিওদের কাছে সরাসরি যাচ্ছে।
- ২০১৮ সালের মে মাসের মধ্যে মোট অর্থের কমপক্ষে ২০% দেশীয় বা স্থানীয় এনজিওগুলো পাবে।
- সহযোগী সংস্থাগুলোর সঙ্গে দাতা সংস্থাগুলোর যোগাযোগ করিয়ে দেওয়া হবে।

# প্রতিশ্রুতিসমূহ

## 2. অংশীদারিত্বের নীতিমালা পুন-নিশ্চিত করা

গ্লোবাল হিউম্যানিটারিয়ান প্লাটফরম ২০০৭ কর্তৃক প্রচলিত অংশীদারিত্বের নীতিমালা (সমতা, স্বচ্ছতা, ফলাফল কেন্দ্রীক কর্মকৌশল, দায়িত্বশীলতা এবং একে অন্যের পরিপূরক নীতি) গ্রহণ!

# প্রতিশ্রুতিসমূহ

3. দক্ষিণের দেশসমূহের জাতীয় এবং স্থানীয় এনজিওদের অর্থায়নের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা

- আন্তর্জাতিক বিভিন্ন মাধ্যমে জাতীয় পর্যায়ের সংস্থাসমূহে বিনিয়োগ পৌঁছানোর ক্ষেত্রে আস্থা, স্বচ্ছতা এবং কার্যকরিতা তৈরির জন্য সুনির্দিষ্ট পরিবর্তন নিশ্চিত করা প্রয়োজন। আমরা প্রতিশ্রুতি দিচ্ছি যে, মানবিক কর্মকাণ্ড বাস্তবায়নে আমরা যাদের সাথে কাজ করি সে সব সংস্থার তথ্যসহ যাবতীয় হিসাব আমরা লিপিবদ্ধ করবো এবং প্রতিষ্ঠিত মাধ্যমে তা নিয়মিত প্রকাশ করবো।

# প্রতিশ্রুতিসমূহ

**4. স্থানীয় দক্ষতাকে ছোট করে দেখার প্রবণতা বন্ধ করা**

আমরা যদি স্থানীয় কোন এনজিওর দক্ষ কোনও কর্মীকে মানবিক কর্মকা-ের জন্য চুক্তিবদ্ধ করি তবে ৬ মাসের মধ্যে অথবা কিছু বেশি সময়ের মধ্যে সেই সংগঠনের জন্য যথাযথ ক্ষতিপূরণ চিহ্নিত করবো এবং তা প্রদান করবো। উদাহরণ স্বরূপ এটা হতে পারে তার প্রথম ৬ মাসের বেতনের ১০% নিয়োগ ফি হিসেবে প্রদান করা।

# প্রতিশ্রুতিসমূহ

5. দেশীয় সংস্থা ও প্রতিষ্ঠানের গুরুত্বের উপর জোর দেওয়া

আমরা দাতা সংস্থাসমূহকে প্রভাবিত করবো যাতে তারা বিভিন্ন পার্টনারশিপ বা অংশীদারিত্বের কাঠামো বিবেচনার সময় বা প্রকল্প প্রস্তাব আহ্বানের ক্ষেত্রে স্থানীয় এনজিওর সঙ্গে কাজ করে।

# প্রতিশ্রুতিসমূহ

**৬. সাব কন্ট্রাকটিং সংক্রান্ত বিষয় :**

আমাদের স্থানীয় এবং জাতীয় সহযোগীরা কর্মসূচি প্রণয়ন এবং সিদ্ধান্ত গ্রহণপ্রক্রিয়ায় সমানভাবে অংশ নেয় এবং কর্মসূচি প্রণয়ন ও অংশীদারিত্ব নীতি নির্ধারণকে প্রভাবিত করতে পারে।

# প্রতিশ্রুতিসমূহ

7. ব্যাপক প্রাতিষ্ঠানিক সহযোগিতা এবং দক্ষতা বৃদ্ধি

সার্বিকভাবে বৈশ্বিক মানবিক কর্মকা- বাস্তবায়নে আমরা দেশীয় সংস্থাসমূহের ভূমিকা ও অংশগ্রহণ বৃদ্ধিতে ক্রমাগত সহযোগিতা প্রদান করবো। আমরা পর্যাপ্ত প্রশাসনিক সহায়তা প্রদান করবো। আমাদের সহযোগিতার একটি নিদর্শন হতে পারে যে, আগামী ২০১৮ সালের মে মাসের মধ্যে আমাদের সহযোগীদের জন্য সম্পদ বরাদ্দ করবো। মে ২০১৮ সালের মধ্যে আমরা আমাদের মানবিক সাহায্যের কত অংশ সরাসরি দেশীয় সংস্থাগুলোর মাধ্যমে করতে পেরেছি তা প্রকাশ করবো।

# প্রতিশ্রুতিসমূহ

৪. অংশীদারদের বিষয়ে জনগণ এবং সংবাদ মাধ্যমের সাথে যোগাযোগ

আন্তর্জাতিক ও জাতীয় সংবাদ ও গণমাধ্যমে আমরা স্থানীয় সংস্থা ও ব্যাক্তি প্রতিষ্ঠানের ভূমিকার কথা তুলে ধরবো এবং তাদের কাজের স্বীকৃতি দেব। তাদেরকে মুখপাত্র হিসেবে অর্ন্তভুক্ত করবো।

# প্রতিশ্রুতির বাস্তবায়ন কতটুকু?

১. অর্থায়ন

- ২০১৭ সালে ২৯ সংস্থার মধ্যে ১৬টি সংস্থা তাদের অগ্রগতি প্রতিবদেন দাখিল করে।
- এই সংস্থাগুলোর পক্ষ থেকে সরাসরি অর্থায়ন হয়েছে ৪% থেকে ৮৮%।
- তিনটি সংস্থার বেলায় এই হার ১৮-৩৩%

# প্রতিশ্রুতির বাস্তবায়ন কতটুকু?

২. অংশীদারিত্ব

**C4C স্বাক্ষরকারীরা উল্লেখ করেছে যে তারা অংশীদারিত্বের ক্ষেত্রে 2007 সালে গ্লোবাল হিউম্যানিটারিয়াল প্ল্যাটফর্ম দ্বারা অনুমোদিত অংশীদারি নীতিমালা অনুসরণ করছে।**

# ধন্যবাদ